

সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচি'র ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সমন্বয়ে পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি: মোঃ নজরুল ইসলাম, ভারপ্রাপ্ত সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ

তারিখ: ১০ ডিসেম্বর ২০১৪

সময়: সকাল ০৯.৩০ ঘটিকা

স্থান: মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষ (ভবন নং-২, নিচতলা, কক্ষ নম্বর-২২, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রেক্ষাপট উপস্থাপনের জন্য জনাব মোহাম্মদ খালেদ হাসান, উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ করা হলে তিনি জানান যে সরকারের সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচি আরও দক্ষতার সঙ্গে বাস্তবায়ন ও পরিবীক্ষণের লক্ষ্যে ইউএনডিপি সহায়তায় একটি কৌশলপত্রের খসড়া প্রস্তুত করা হয়, যা বাস্তবায়নের লক্ষ্যে দুই বছর মেয়াদি ‘Social Protection Policy Support (SPPS) Programme’ শীর্ষক প্রকল্প গ্রহণ করা হচ্ছে।

২। সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচির ওপর প্রস্তুতকৃত খসড়া টিপিপির উল্লেখযোগ্য অংশ উপস্থাপনের জন্য ইউএনডিপি'র প্রতিনিধি মির্জা মাজেদা হককে অনুরোধ জানানো হয়। তিনি তাঁর উপস্থাপনায় জানান যে, এ প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচি বাস্তবায়ন ও পরিবীক্ষণ ব্যবস্থার উন্নয়ন সাধন। তিনি উল্লেখ করেন যে, উক্ত টিপিপি সঠিকভাবে বাস্তবায়ন করতে সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচি সংক্রান্ত কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটির সহযোগিতার প্রয়োজন হবে।

৩। টিপিপিটি Social Protection Policy Support (SSPS) Programme হিসাবে নামকরণ করা হয়েছে। কিন্তু খসড়া কৌশলপত্রের নামকরণ National Strategy on Social Security । প্রস্তাবিত প্রকল্পটির অন্যতম উদ্দেশ্য হচ্ছে উক্ত কৌশলপত্রের বাস্তবায়ন। এর সঙ্গে সঙ্গতিপূর্ণভাবে প্রকল্পটির নামকরণ Social Security Policy Support (SSPS) Programme হতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

৪। GED খসড়া কৌশলপত্রটি প্রস্তুত করেছে। এটি বাস্তবায়নের জন্য GED কে কতিপয় দায়িত্ব প্রদান করে মন্ত্রিপরিষদ বিভাগ, GED এবং UNDP'র সঙ্গে একটি Prodoc স্বাক্ষরিত হয়েছে। বিস্তারিত আলোচনান্তে উক্ত টিপিপি'র Sponsoring মন্ত্রণালয়/বিভাগ হিসাবে মন্ত্রিপরিষদ বিভাগ এবং Executing Agency হিসাবে মন্ত্রিপরিষদ বিভাগ ও সাধারণ অর্থনীতি বিভাগ (GED) দায়িত্ব পালন করতে পারে মর্মে সভায় আলোচনা হয়।

৫। খসড়া টিপিপি-তে ভাষা ও তথ্যগত পরিমার্জন প্রয়োজন বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়। SWAPNO (Strengthening Women's Ability for Productive New Opportunities) প্রোগ্রামটি উক্ত টিপিপি'র মধ্যে অন্তর্ভুক্ত কিনা তা জানতে চাওয়া হয়। সভায় জানানো হয় যে, এটি আলোচ্য প্রকল্পের মূল অংশ নয়।

৬। অতঃপর সভায় সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচির তুলনামূলক প্রতিবেদনটি উপস্থাপন করা হয়। এ প্রতিবেদনটি উপস্থিত সদস্যগণকে ই-মেইলে প্রেরণ করা হলে ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ তাঁদের মন্ত্রণালয়/বিভাগ সংশ্লিষ্ট অংশটুকু পর্যালোচনাপূর্বক মতামত প্রদানের অনুরোধ করা হয়। প্রাপ্ত মতামতের ভিত্তিতে তুলনামূলক

প্রতিবেদনটি চূড়ান্ত করে সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচিসংক্রান্ত কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটিতে উপস্থাপন করা যেতে পারে মর্মে অভিমত প্রকাশ করা হয়।

৭। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

- (১) কারিগরি সহায়তা প্রকল্পের শিরোনাম Social Protection Policy Support (SSPS) Programme-এর পরিবর্তে Social Security Policy Support (SPPS) Programme হবে;
- (২) এ প্রকল্পের Sponsoring Agency হিসাবে মন্ত্রিপরিষদ বিভাগ এবং Implementing Agency হিসাবে মন্ত্রিপরিষদ বিভাগ ও সাধারণ অর্থনীতি বিভাগ দায়িত্ব পালন করবে;
- (৩) সভায় আলোচনা মোতাবেক সাধারণ অর্থনীতি বিভাগ প্রস্তাবিত প্রকল্পের টিপিপি'র ভাষা ও তথ্যের প্রয়োজনীয় পরিমার্জন করবে;
- (৪) ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ আগামী ১৮-১২-২০১৪ তারিখের মধ্যে সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচির তুলনামূলক প্রতিবেদনের ওপর মতামত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে; এবং
- (৫) টিপিপি চূড়ান্ত করার জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের সমন্বয়ে আরও একটি সভা আহ্বান করা হবে।

৮। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ নজরুল ইসলাম)

ভারপ্রাপ্ত সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ।